

১। নন্দনাল তো একদা একটা করিল ভীষণ পণ-  
স্বদেশের তরে যে করেই হোক, রাখিবেই সে জীবন।

সকলে বলিল, আ-হা-হা কর কী, নন্দলাল?

নন্দ বলিল, বসিয়া রাহিব কি চিরকাল?

আমি না করিলে কে করিবে আর উদ্ধার এই দেশ?

তখন সকলে বলিল- বাহবা বাহবা বাহবা বেশ!

নন্দর ভাই কলেরায় মরে, দেখিবে তাহারে কেবা?

সকলে বলিল, যাও না নন্দ, কর না ভায়ের সেবা।

নন্দ বলিল, ভায়ের জন্য জীবনটা যদি দিই-

না হয় দিলাম-কিন্তু অভাগা দেশের হইবে কী?

বাঁচাটা আমার অতি দরকার, ভেবে দেখি চারি দিক।

তখন সকলে বলিল- হাঁ হাঁ হাঁ, তা বটে, তা বটে, ঠিক!

ক) ভাবকে রূপ দেয় কে?

খ) প্রাবন্ধিক ভাব ও কাজের সমন্বয় সাধন করতে বলেছেন কেন?

গ) উদ্দীপকে ভাব ও কাজ প্রবন্ধের কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের নন্দলালের ভাবকে সফল করা জন্য কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? ‘ভাব ও কাজ’ প্রবন্ধের আলোকে মতামত দাও।

২। মাশরাফি বিন মর্তুজাকে বলা হয় বাংলাদেশ ক্রিকেটের সর্বকালের সেরা অধিনায়ক। ব্যক্তিজীবন এবং ক্রিকেটে জীবনে তাঁর সাফল্য আকাশছোঁয়া। খেলার মাঠে তাঁর অভিব্যক্তি ও চক্ষুলতা চোখে পড়ার মতো। তার মধ্যে রয়েছে দারুণ এক উদ্দীপনা শক্তি, যা তিনি সহজেই সকলের মাঝে ছড়িয়ে দিতে পারেন। ফলে দলের সবাই একই মনে উজ্জীবিত হয়ে প্রতিপক্ষকে চ্যালেঞ্জ ছুঁড়ে দিতে পারে এবং সফলতা বয়ে আনতে সক্ষম হয়।

ক) ‘দাদ’ শব্দের অর্থ কী?

খ) ‘স্পিরিট’ শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের মাশরাফি বিন মর্তুজার মধ্যে ‘ভাব ও কাজ’ প্রবন্ধের ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর।

ঘ) “মাশরাফি বিন মর্তুজা-ই কি নজরুলের ভাবনার নায়ক?” - উওরের পক্ষে যৌক্তিক মতামত দাও।

৩। সম্প্রতি পলাশপুরে গ্রামে দুটি সমস্যা সে গ্রামের শিক্ষিত সমাজকে ভাবিয়ে তুলেছে। একটি বাল্যবিবাহ আর অন্যটি মাদক সেবন। এই ব্যাপার নিয়ে আলোচনা করার জন্য গ্রামের শিক্ষিত মানুষরা একটি আলোচনা সভার আয়োজন করে। উক্ত সভায় গ্রামের সুধী সমাজ বাল্যবিবাহ ও মাদক সেবনের নানা অপকারিতা মানুষকে বোঝানো এবং প্রতিরোধের কর্মপরিকল্পনাও বুঝিয়ে দিল। তাদের এমন কর্মকাণ্ডে গ্রামের তরুণ সমাজ খুবই অনুপ্রাণিত হলো এবং সমাজের এমন অসঙ্গতি দূর করতে দৃঢ় প্রতিজ্ঞ হলো। এর কিছুদিন পর গ্রামে একটি বাল্যবিবাহ অনুষ্ঠিত হলে তা বন্ধে এই সুধী সমাজের কেউ এগিয়ে আসেনি। এমনকি নিজেরা ঝামেলায় জড়তে পারেন এই ভয়ে তারা মাদকসেবীদের বিরুদ্ধে থানায় কোনদিন অভিযোগ করেনি। সুধীজনদের এমন কর্মকাণ্ড দেখে তরুণদের প্রতিরোধ চেতনা অক্ষুরেই বিনষ্ট হলো।

ক) কাজী নজরুল ইসলাম কোন শ্রেণি পর্যন্ত লেখাপড়া করেছেন?

খ) “ভাব জিনিসটা হইতেছে পুষ্পবিহীন সৌরভের মতো”- ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের আলোচনা সভার আয়োজনে ‘ভাব ও কাজ’ প্রবন্ধের কোন দিকের প্রতিফলন ঘটেছে? নির্ণয় কর।

ঘ) উদ্দীপকের তরুণদের প্রতিরোধ চেতনা জাগিয়ে রাখতে কী কাজ করা প্রয়োজন ছিলো? ‘ভাব ও কাজ’ প্রবন্ধের আলোকে তা বিশ্লেষণ কর।